

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
বাজেট অধিশাখা

নং- ৪৫.১৫৯.০২০.০০.০০.০৪৫.২০১৭- ৭৬

তারিখঃ ২৫-১০-২০১৭খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালীতে ২৫০ জন ছাত্র-ছাত্রী ক্লিনিক্যাল ক্লাসে যাতায়াতের জন্য অর্থ বরাদ্দ সংক্রান্ত।

জনাব,


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে চলতি ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে ৩-৭৪০১-০০০১-৪৮৯৮ বিশেষ ব্যয় খাতে বরাদ্দকৃত ২২৯৭.৫২ লক্ষ টাকার অব্যয়িত অর্থ হতে ৩১,৭৮,২৮৬/- (একত্রিশ লক্ষ আটাত্তর হাজার দুইশত ছিয়াশি) টাকা আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী-এর অনুকূলে ৩-৭৪২১-০০৫১-৪৮৪৬- পরিবহন ব্যয় খাতে পুনঃউপযোজন করা হলো।

০২। পুনঃউপযোজনকৃত ৩১,৭৮,২৮৬/- (একত্রিশ লক্ষ আটাত্তর হাজার দুইশত ছিয়াশি) টাকা আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী-তে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের ক্লিনিক্যাল ক্লাসে যাতায়াতের জন্য ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত ২টি বাসের ভাড়া পরিশোধের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

শর্তসমূহঃ

- (ক) অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান পালন করতে হবে;
- (খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ/সরকারি কোষাগারে জমা করতে হবে;
- (গ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- (ঘ) এ অর্থ চলতি ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৩-৭৪২১-০০৫১-৪৮৪৬- পরিবহন ব্যয় খাতে সমন্বিত হবে।


আপনার বিশ্বস্ত,

  
(ডাঃ মোঃ সারোয়ার বারী)  
উপসচিব  
ফোনঃ ৯৫১২২১২

তারিখঃ ২৫-১০-২০১৭খ্রিঃ

নং- ৪৫.১৫৯.০২০.০০.০০.০৪৫.২০১৭- ৭৬/২২

মঞ্জুরি পত্রের ২ (দুই) প্রস্থ অনুলিপি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাজেট-৪) শাখায় প্রেরণ করা হলো। এর ১ (এক) কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা এবং ১ (এক) কপি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে (বাজেট অধিশাখা) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
(ডাঃ মোঃ সারোয়ার বারী)  
উপসচিব

তারিখঃ ১০/২০১৭খ্রিঃ

নং-০৭.১০৪.০২০.২৭২১.১৯.২০১৪-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকার নিকট প্রেরণ করা হলো।


উপসচিব (বাজেট-৪)  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখঃ ২৫-১০-২০১৭খ্রিঃ

নং- ৪৫.১৫৯.০২০.০০.০০.০৪৫.২০১৭- ৭৬/২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অধ্যক্ষ, আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজ, নোয়াখালী।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। জেলা হিসাব রক্ষক কর্মকর্তা, নোয়াখালী।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

  
(ডাঃ মোঃ সারোয়ার বারী)  
উপসচিব